অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১১২.১৪.০৭৭.২২-১৩৫

২৫ পৌষ, ১৪২৯ বাং
তারিখঃ---------------------
০৯ জানুয়ারি ,২০২৩ খ্রি:

## প্রকল্প স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ১ম সভা গত ২০/১২/২০২২ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনলাইন কনফারেন্স এ্যাপ (Zoom) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

08/01/2023

(মোহাম্মদ আবু কাউছার)
উপসচিব
টেলিফোন-৫৫১০০৯০৯
ই-মেইল: ds.planning@legislativediv.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর।
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (ড্রা-চ:দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৮। যুগ্মপ্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১০। যুগ্মসচিব (প্রশাসন) (চ.দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১১। উপ-সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও উপ-প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১২। সিস্টেম এনালিস্ট, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১৩। সিনিয়র গবেষণা কর্মকর্তা-১/২, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।
১৪। সহকারী প্রশাসন ও প্রশিক্ষণ কর্মকর্তা, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

বিষয়: "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক নতুন অনুমোদিত প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব এবং প্রকল্প স্টিয়ারিং কমিটির সভাপতি জনাব মো: মইনুল কবির মহোদয়ের সভাপতিত্বে গত ২০/১২/২০২২ খ্রি.তারিখ সকাল ১১:০০ ঘটিকায় "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভা অনলাইনে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট- 'ক') ।

২। সচিব মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্টিয়ারিং কমিটির সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG Target -16.b (Promote and enforce non-discriminatory laws and policies for sustainable development) এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এই প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। তিনি আরো বলেন, ১ম কোয়ার্টার পর্যন্ত (জুলাই- সেপ্টেম্বর/২০২২) প্রকল্পের অনুকূলে কোন বরাদ্দ পাওয়া যায়নি। এ জন্য ১ম কোয়ার্টারে কোনো বাস্তব ও আর্থিক অগ্রগতি হয়নি। ২য় কোয়ার্টারে প্রকল্পের অনুকূলে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের পর অর্থ বিভাগের সম্মতিক্রমে গত ২৫/১০/২০২২ তারিখে অর্থ ছাড় করা হয়। ইতোমধ্যে প্রকল্পের প্রাথমিক কাজ শুরু হয়েছে। কিন্তু সীমিত বাজেট বরাদ্দ এবং প্রশিক্ষণসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ খাতের অর্থ ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত নির্দেশনা থাকায় ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। এ জন্য ২য় কোয়ার্টার পর্যন্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি লক্ষমাত্রার তুলনায় কম হয়েছে। এ বিষয়ে তিনি সভায় অংশগ্রহণকারী প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ মহিউদ্দীনকে অনুরোধ করেন।

৩। প্রকল্প পরিচালক উল্লেখ করেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG বাস্তবায়নকল্পে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি গত ০৬/০৬/২০২২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। এ প্রেক্ষিতে গত ০৯/০৬/২০২২ তারিখে পরিকল্পনা কমিশন হতে প্রকল্পটির অনুমোদন আদেশ জারি করা হয়েছে। পরিকল্পনা কমিশনের অনুমোদন আদেশের আলোকে এ বিভাগ হতে গত ১৬/০৬/২০২২ তারিখে প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে। প্রকল্পটির অনুমোদিত ব্যয় ৩৮.৭৮৯২ কোটি টাকা (সম্পূর্ণ জিওবি) এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত। প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্যসমূহ হচ্ছে- মানসম্মত ও বিশ্বমানের আইন প্রণয়নের লক্ষ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ এবং লজিস্টিক সাপোর্টের মাধ্যমে লেজিসলেটিভ ড্রাফটিং এ দক্ষ ও প্রশিক্ষিত জনবল গড়ে তোলা; নির্বাচিত ২৫০টি আইন ইংরেজি থেকে বাংলায় এবং বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করা; এ বিভাগের কর্মকর্তাবৃন্দের আইন বিষয়ে অধ্যয়নের জন্য মানসম্মত লাইব্রেরি ও ই-লাইব্রেরি স্থাপন; Law Public Awareness Cell গঠন ও শক্তিশালীকরণ; অধঃস্তন আইনসমূহ চিহ্নিতকরণপূর্বক কোডিফিকেশন ও হালনাগাদ করে কোড আকারে প্রকাশ ও ওয়েবসাইটে প্রকাশ; মূল আইনসমূহ হালনাগাদ করে প্রকাশ ও বাংলাদেশ কোড ওয়েবসাইটে আপলোড এবং লজ অব বাংলাদেশ এর নতুন অধিক ক্যাপাসিটিসম্পন্ন ওয়েবসাইট প্রস্তুত, সংরক্ষণ ও ব্যবস্থাপনা; বাংলায় আইন প্রণয়ন পদ্ধতি এবং আইনের ব্যবহারশাস্ত্র/Jurisprudence সমৃদ্ধ লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়ন; সাংবিধানিক ও আইনি অধিকার বিষয়ে জনসাধারণকে সচেতন করা।

৪। প্রকল্প পরিচালক আরো বলেন যে, অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পর্কে দিকনির্দেশনা প্রদান এবং প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং ও পরামর্শ প্রদানের লক্ষ্যে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব মহোদয়কে চেয়ারপার্সন এবং উপসচিব (পরিকল্পনা ও উন্নয়ন) কে সদস্য সচিব করে ১২

(বার) সদস্য বিশিষ্ট প্রকল্প স্টিয়ারিং কমিটি এবং বাস্তবায়নকারী সংস্থার প্রধান হিসেবে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রকল্প পরিচালককে সদস্য সচিব করে ১১ (এগার) সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে। এ বিষয়ে গত ১৫/০৯/২০২২ তারিখে অফিস আদেশ জারি করা হয়েছে। এ প্রেক্ষিতে প্রকল্প স্টিয়ারিং কমিটির প্রথম সভা আহ্বান করা হয়েছে।

৫। প্রকল্পের অগ্রগতি সম্পর্কে সভায় জানানো হয় যে, প্রকল্পটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের উচ্চ অগ্রাধিকার প্রকল্প। প্রকল্পটির অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র জিওবি থোক বরাদ্দ হতে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্রের নির্দেশনানুযায়ী ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ ৬৫.২৫ লক্ষ টাকা। অর্থ বিভাগের অনুমোদনক্রমে প্রথম ও দ্বিতীয় কিস্তির অর্থ বাবদ ৪০.০০ লক্ষ টাকা গত ২৫/১০/২০২২ তারিখে ছাড় করা হয়েছে। অদ্যাবধি উক্ত অর্থ হতে মোট ১৬.১৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের ২০.২১% এবং মোট ব্যয়যোগ্য বরাদ্দের প্রায় ২৫%। প্রকল্পটির এডিপি বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণী নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| *২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ | অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্রের আলোকে ব্যয়যোগ্য বরাদ্দ | ১ম ও ২য় কিস্তিতে মোট অর্থ ছাড় | ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত ব্যয়যোগ্য অর্থের পরিমাণ | অর্থ অবমুক্তির তারিখ (নতুন অনুমোদিত প্রকল্প হিসেবে) | ১৯/১২/২০২২ পর্যন্ত সময়ে এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মোট বাজেট বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) | ব্যয়যোগ্য বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ৮০.০০ | ৬৫.২৫ | ৪০.০০ | ৩৩.০০ | ২৫/১০/২০২২ | ১৬.১৭ | ২০.২১% (মোট অবমুক্তকৃত অর্থের ৪০.৪৩%) | ২৫% (ব্যয়যোগ্য মোট অবমুক্তকৃত অর্থের প্রায় ৪৯%) |

*জিওবি থোক বরাদ্দ হতে নতুন অনুমোদিত এ প্রকল্পের অনুকূলে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

সভায় আরো জানানো হয় যে, অদ্যাবধি প্রকল্পের নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:
(ক) প্রকল্পের অফিস ভবন ভাড়া নেয়া হয়েছে;
(খ) প্রকল্প অফিসের আসবাবপত্র (বাজেট স্বল্পতার কারণে আংশিক) ক্রয় করা হয়েছে;
(গ) প্রকল্পের কাজে ব্যবহারের জন্য ২টি ডেস্কটপ কম্পিউটার এবং ১টি ফটোকপিয়ার মেশিন ক্রয় করা হয়েছে;
(ঘ) প্রকল্পের কাজে ব্যবহারের জন্য গাড়ী ভাড়া করা হয়েছে;
(ঙ) প্রকল্প অফিসের লাইট, ফ্যানসহ আনুষঙ্গিক অফিস সরঞ্জামাদি (আংশিক) ক্রয় করা হয়েছে;
(চ) আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে; এবং
(ছ) প্রকল্পের আওতায় স্থানীয় প্রশিক্ষণ এবং সেমিনার/আলোচনা সভা আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে।

৬। সভায় জানানো হয় যে, প্রকল্প বাস্তবায়ন কমিটির ১ম সভা গত ২৬/০৯/২০২২ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমিক নং | প্রকল্প বাস্তবায়ন কমিটির ১ম সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৯.১ | বাজেট বরাদ্দ সাপেক্ষে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা প্রস্তুত করতে | প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে জিওবি থোক বরাদ্দ হতে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্রের নির্দেশনানুযায়ী ব্যয়যোগ্য বরাদ্দের পরিমাণ ৬৫.২৫ লক্ষ টাকা। তদনুযায়ী প্রকল্পের চলতি অর্থবছরের |

| | | |
|---|---|---|
| | হবে। | কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা বাস্তবায়নাধীন রয়েছে। সংশোধিত এডিপিতে বাজেট প্রাপ্তি সাপেক্ষে কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা হালনাগাদ করা হবে। |
| ৯.২ | দ্রুত অফিস স্থাপন এবং জনবল নিয়োগ করতে হবে। | ২৪/ডি, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকায় প্রকল্পের অফিস ভবন ভাড়া নেওয়া হয়েছে। গত ২৬/১০/২০২২ তারিখে অফিস ভবন ভাড়া চুক্তি সম্পাদিত হয়েছে।<br><br>প্রকল্পের কার্যক্রম শুরু করার লক্ষ্যে এ বিভাগ হতে গত ২০/১০/২০২২ তারিখে ২ জন সিনিয়র সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তা এবং ১ জন সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাসহ মোট ৬ জন কর্মকর্তা/ কর্মচারীকে প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে।<br><br>এছাড়া, আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের লক্ষ্যে গত ০৯/১১/২০২২ তারিখে দরপত্র আহ্বান করা হয়েছে। দাখিলকৃত দরপত্রসমূহ গত ০৪/১২/২০২২ তারিখে উন্মুক্ত করা হয়। বিষয়টি মূল্যায়ন পর্যায়ে রয়েছে। |
| ৯.৩ | প্রকল্পের অর্থ ছাড়করণ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | এ বিভাগ হতে গত ১১/০৯/২০২২ তারিখে প্রেরিত প্রস্তাবের প্রেক্ষিতে পরিকল্পনা কমিশন কর্তৃক ২০২২-২৩ অর্থ বছরের এডিপি থোক বরাদ্দ (জিওবি) হতে ৮০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বিষয়ে অর্থ বিভাগের গত ২৪/১০/২০২২ তারিখের অনুমোদনপত্র/সম্মতির আলোকে এ বিভাগ হতে ১ম ও ২য় কিস্তির অর্থ গত ২৫/১০/২০২২ তারিখে ছাড় করা হয়েছে। |

সভায় আরো জানানো হয় যে, প্রকল্প বাস্তবায়ন কমিটির ২য় সভা ২০/১১/২০২২ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার আলোচ্য বিষয় এবং কমিটির সদস্যবৃন্দের সুপারিশ/পর্যবেক্ষণ স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করা হয়েছে।

৭। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় উপস্থিত স্টিয়ারিং কমিটির সদস্যগণকে তাদের সুচিন্তিত মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। এ প্রেক্ষিতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) এর প্রতিনিধি বলেন, জিওবি অর্থায়নে বৈদেশিক প্রশিক্ষণ/স্টাডির ক্ষেত্রে অর্থ বিভাগের স্থগিতাদেশ রয়েছে। এ প্রেক্ষিতে অর্থ ছাড় সাপেক্ষে দেশীয় প্রশিক্ষণসহ আনুষঙ্গিক কার্যক্রম চালানো যেতে পারে।

সভাপতি মহোদয় বলেন, সরকারের আর্থিক কৃচ্ছ্রতা/ব্যয় সংকোচন সংক্রান্ত নির্দেশনার কারণে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি কম হয়েছে। এডিপির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও মূল্যায়নের ক্ষেত্রে আইএমইডি এবং অর্থ বিভাগকে এ বিষয়টি বিবেচনায় নেয়ার উপর গুরুত্ব আরোপ করেন। এ প্রেক্ষাপটে কার্যক্রম বিভাগের প্রতিনিধি বলেন, ২০২২-২৩ অর্থ বছরের এডিপি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর সভাপতিত্বে ২৬/১২/২০২২ তারিখে একটি সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় সকল মন্ত্রণালয়/বিভাগকে আমন্ত্রণ জানানো হয়েছে। উক্ত সভায় উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত নীতি নির্ধারণী বিষয়সমূহ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় উপস্থাপন করতে পারেন।

অর্থ বিভাগের প্রতিনিধি বলেন, সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় পরিচালন এবং উন্নয়ন বাজেটের স্থানীয় প্রশিক্ষণ, আসবাবপত্র, কম্পিউটার ও আনুষঙ্গিক, আপ্যায়ন ব্যয়, ভ্রমণ ব্যয় এবং অন্যান্য মনিহারি খাতে ৫০% ব্যয় সংকোচন এবং বৈদেশিক প্রশিক্ষণসহ বেশ কিছু খাতে ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থের ব্যয় স্থগিত রাখার জন্য পরিপত্র জারি করা হয়েছে। কোনো মন্ত্রণালয়/বিভাগের অগ্রাধিকারভুক্ত প্রকল্পের অত্যাবশ্যকীয় ব্যয় নির্বাহের প্রয়োজন হলে বিষয়টি নীতি নির্ধারণী পর্যায়ে আলোচনা করা যেতে পারে। এ বিষয়ে সভাপতি মহোদয় অর্থ বিভাগের সহযোগিতা কামনা করেন।

আইন ও বিচার বিভাগের প্রতিনিধি বলেন, এ প্রকল্পের আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি শীর্ষক কম্পোনেন্ট খুবই গুরুত্বপূর্ণ। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক এ রকম একটি প্রকল্প গ্রহণ করার জন্য সচিব মহোদয়কে তিনি ধন্যবাদ জানান। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বলেন যে, সভা/সেমিনার/ওয়ার্কশপ/স্টেকহোল্ডার কনসালটেশন ইত্যাদির মাধ্যমে জনগণের আইনের অভিগম্যতা এবং সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে সচেতন করার বিষয়টি এ প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে তিনি স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

৮। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৮.১ | ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা | পিআইসি সভার সুপারিশের আলোকে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। সংশোধিত এডিপিতে বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা হালনাগাদ করতে হবে। |
| ৮.২ | প্রকল্প অফিস স্থাপন ও জনবল নিয়োগ | বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প অফিসের অত্যাবশ্যকীয় আসবাবপত্র ও অফিস সরঞ্জামাদি ক্রয় কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। এ ছাড়া, প্রকল্পের আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। এ বিভাগ হতে অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণকে প্রকল্প বাস্তবায়নে আরো নিবিড়ভাবে সম্পৃক্ত হতে হবে। |
| ৮.৩ | ২০২২-২৩ অর্থ বছরের বাজেট অনুযায়ী ছাড়কৃত অর্থের ব্যয়যোগ্য অংশের ব্যবহার নিশ্চিতকরণ | ২০২২-২৩ অর্থ বছরের ছাড়কৃত অর্থের ব্যয়যোগ্য অংশ ব্যবহার করে কর্মপরিকল্পনা অনুযায়ী অগ্রাধিকার কাজসমূহ সম্পন্ন করতে হবে। অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম এবং স্টেকহোল্ডার কনসালটেশন/সেমিনার/ওয়ার্কশপ দ্রুত শুরু করতে হবে। |
| ৮.৪ | অগ্রাধিকার কাজসমূহ সম্পন্ন করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ | সংশোধিত এডিপিতে ক্রয় পরিকল্পনা অনুযায়ী Code of Delegated Legislation, Translation of Laws এবং বাংলায় লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়ন সংক্রান্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে। এ লক্ষ্যে সংশোধিত বাজেটে প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখতে হবে। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৮.৫ | অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্র অনুসরণ | উন্নয়ন বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় সংকোচন সংক্রান্ত পরিপত্র অনুসরণ করতে হবে। পরিপত্রের আওতাভুক্ত কোনো খাতের অত্যাবশ্যকীয় ব্যয় নির্বাহের ক্ষেত্রে নীতি নির্ধারণী পর্যায়ে আলোচনা করা যেতে পারে। |

৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৯/৭/২০২৩

(মোঃ মইনুল কবির)
সচিব
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
ও
সভাপতি
প্রকল্প স্টিয়ারিং কমিটি
আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে
জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।